

# সিরাজ সিকদার রচনা

## নিরাপত্তা সংক্রান্ত



সিরাজ সিকদার

পূর্ববাংলার সর্বহারা পার্টি কর্তৃক কমরেড সিরাজ সিকদারের নির্বাচিত সাংগঠনিক  
রচনাবলীর সংকলনে এর প্রকাশ আগষ্ট ১৯৭৪

কমিউনিস্ট পার্টি মার্কসবাদী-লেনিনবাদী-মাওবাদী বাংলাদেশ কর্তৃক সর্বহারা পথ  
([www.sarbaharapath.com](http://www.sarbaharapath.com)) এর অনলাইন প্রকাশনা ৪ ডিসেম্বর ২০১২

## কোন কমরেড গ্রেফতার হলে

### নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করতে হবে

- ঐ কমরেডের পরিচালনাধীন ও তার সাথে সংশ্লিষ্টদের সতর্ক করা।
- ঐ কমরেডের বাসস্থান এবং সে যে সকল স্থান চেনে এমন সব স্থান থেকে দলিলপত্র, অস্ত্র ও অন্যান্য মূল্যবান ও নিরাপত্তার সাথে যুক্ত দ্রব্য অন্যত্র সরানো।
- তার পরিচিত স্থানে বসবাসকারী কমরেডগণ অন্যত্র সরে যাবেন।
- গ্রেফতারকৃতদের সম্পর্কে দ্রুত উচ্চস্তরে রিপোর্ট করা।
- প্রথমেই গ্রেফতার সম্পর্কে প্রচার না করা।

## কোন কমরেড গ্রেফতার হলে কি কি করবেন

- তার সাথে কাগজপত্র, দলিলাদি ও অস্ত্রাদি নষ্ট করবেন।
- কোন প্রকারেই পার্টি বা সংশ্লিষ্ট ঘটনার সাথে জড়িত থাকা, প্রমাণ সম্ভব হবে না এরূপ অবস্থা থাকলে, অস্বীকার করা।
- সংগঠন, কমরেড সম্পর্কে বা অন্য কোন তথ্য প্রকাশ না করা।
- অবস্থার পরিপ্রেক্ষিতে পার্টি বা ঘটনার সাথে যুক্ত ইহা স্বীকার করলেও ভালভাবে অবস্থা পর্যালোচনা করে স্বীকার করা।
- নিয়মতান্ত্রিক ব্যবস্থার (কোর্ট, আইন, আদালত, ঘুষ) সুযোগ গ্রহণ করা।
- রাজসাক্ষী হওয়া, স্বীকারোক্তি করা, বন্ড দেওয়া থেকে বিরত থাকা। ■